

আনন্দ আশ্রম

● ছেলে সফল চাকুরে, মার্কিনপ্রবাসী। মেয়ে সপরিবার
 দিল্লিতে। আর বৃদ্ধা মা আছেন সল্ট লেকের বিরাট বাড়িতে,
 একাই। ছবিটা বড় চেনা। প্রতি রাতে ছেলের ফোন আসে,
 মেয়েও যখন পারে, তখনই খোঁজ নেয় মায়ের, তবু মা কে
 একা থাকতে হয় চব্বিশ ঘন্টা, ৩৬৫ দিন। এমন নিঃসঙ্গ
 প্রবীণদের জন্য কলকাতার উপকণ্ঠে গড়িয়া থেকে
 বারুইপুরের পথে গোবিন্দপুরে তৈরি হয়েছে 'আনন্দ
 আশ্রম', নবোদয়-এর উদ্যোগে। প্রাথমিক অর্থ জুগিয়েছে
 আই টি সি লেডিজ সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি। ১৮
 কাঠা জমির ওপর খোলামেলা পরিবেশে থাকা, হাতের কাছে
 ডাক্তার, আর কিছু সমমনস্ক মানুষের সঙ্গ পাওয়া— মন্দ
 কী? যোগাযোগ করা যায় ২৪৩৭-৯৪৪৫-এ।